

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(১০)শুস্ক-৪/৯০/৪৮৭

তারিখ ০৮.০৬.১৯৯৩

প্রেরক: এ, এফ, এম শাহরিয়ার মোল্লা  
দ্বিতীয় সচিব (শুস্ক)।

প্রাপক: কালেক্টর  
শুস্ক ভবন  
কুর্মিটোলা, ঢাকা।

বিষয়: ঢাকা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকাকে বন্ডেড এলাকা ঘোষণা এবং শুস্ক দপ্তর স্থাপন প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের পত্র নং-আই, পি, সি-১৮/৭৭৩, তারিখ ১৬.৫.১৯৯৩ইং (অনুলিপি সংযুক্ত) এর সূত্রে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে জানাচ্ছেন যে, ঢাকা জেলার আওতাধীন সাভার থানাকে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৪০/ডি কাস/৭২, তারিখ ০৯.০৯.১৯৯২ (অনুলিপি সংযুক্ত) দ্বারা ওয়্যারহাউজিং স্টেশন ঘোষণা করা হয়েছে। সুতরাং উক্ত রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় শুস্ক কর্মকর্তা ও কর্মচারী জরুরী ভিত্তিতে নিয়োগ করার জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

০২। ঢাকা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকাকে শুস্ক প্রশাসন শুস্ক ভবন, ঢাকার উপর ন্যস্ত করা হলো।

সংলগ্নি: ২(দুই) পাতা।

স্বাক্ষরিত/-  
(এ, এফ, এম, শাহরিয়ার মোল্লা)  
দ্বিতীয় সচিব (শুস্ক)